

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

বাংলাদেশের  
কম্প্রট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়  
একাউন্টস এন্ড রিপোর্ট উইং  
“ অডিট ভবন”  
৭৭-৭, কাকরাইল, ঢাকা-১০০০  
[www.cag.org.bd](http://www.cag.org.bd)

নং-৮২.০০.০০০০.০৬২.১৮.০২৭.২০-৩৩২

তারিখ: ২৬.০৪.২০২২ খ্রি.

### অফিস আদেশ

বিষয়ঃ কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা (Annual Audit Plan) এবং অডিট ক্যালেন্ডার বিষয়ক নির্দেশনা।

কমপ্লায়েন্স অডিট গাইডলাইনস (Compliance Audit Guidelines) এর অনুচ্ছেদ ২.৪ এবং ৪.১৫ এর আলোকে কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা ও অডিট ক্যালেন্ডার বিষয়ে এই নির্দেশনা জারি করা হলো।

১.১ অডিট অধিদপ্তরসমূহ ২০২২-২০২৩ অডিট বছরে যে কমপ্লায়েন্স অডিট পরিচালনা করবে তার বার্ষিক অডিট পরিকল্পনা আগামী ১০-০৭-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সিএজি কার্যালয়ে প্রেরণ করবে। সিএজি কার্যালয় ২৭-০৭-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে যাচাই বাছাই শেষে পরিকল্পনাসমূহ অনুমোদন করবে।

১.২ কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা এর মধ্যে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকবেঃ

যে সকল মন্ত্রণালয়- বিভাগ, অধিদপ্তর- পরিদপ্তর, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ (Statutory Public Authority), স্থানীয় কর্তৃপক্ষ (Local Authority), পাবলিক এন্টারপ্রাইজ এবং কর্পোরেশন এ কমপ্লায়েন্স অডিট পরিচালিত হবে তার নাম, মন্ত্রনালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এর নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে সুনির্দিষ্ট Subject Matter উল্লেখসহ অডিট এর জন্য অপারেশনাল প্লান ২০২২-২০২৩ অনুযায়ী লোকবল উল্লেখ করতে হবে। অডিট অধিদপ্তরসমূহ কমপ্লায়েন্স অডিটের জন্য কমপ্লায়েন্স অডিট গাইডলাইনস এর অনুচ্ছেদ ২.৭ হতে ২.১২ আবশ্যিকভাবে বিবেচনায় নিয়ে এন্টিটি (Entity) নির্বাচন করে অডিট অধিদপ্তরসমূহ অডিট কার্যক্রম সম্পাদন করবে।

১.৩ কমপ্লায়েন্স অডিট অর্ধ-বার্ষিক (Half-yearly) ভিত্তিতে পরিচালিত হবে। কমপ্লায়েন্স অডিট এর বিভিন্ন পর্যায় (stage) তথা অডিট এনগেইজমেন্ট পরিকল্পনা ( Audit Engagement Plan) প্রণয়ন হতে রিপোর্ট প্রণয়ন পর্যন্ত অডিট ক্যালেন্ডার অনুযায়ী পরিচালিত হবে (পরিশিষ্ট দ্রষ্টব্য)। প্রতিটি কমপ্লায়েন্স অডিট এর জন্য প্রণীত Audit Engagement Plan সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর এর মহাপরিচালক অনুমোদন করবেন এবং অনুমোদিত Audit Engagement Plan এর অনুলিপি সিএজি কার্যালয়ের এএন্ডআর উইং এ প্রেরণ করবেন। সিএজি'র কৌশলগত পরিকল্পনা (Strategic Plan) ২০২১-২০২৫ এর আউটপুট - ১ অনুযায়ী যে সকল কমপ্লায়েন্স অডিট বিশেষ ক্ষেত্রসমূহের (Special Area) উপর পরিচালিত হবে, সে সকল কমপ্লায়েন্স অডিটের জন্যও এই অডিট ক্যালেন্ডার অনুসরণ করতে হবে।

১.৪ ফাইন্যান্সিয়াল অডিট এবং পারফরমেন্স অডিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট অডিট গাইডলাইনস, অডিট নির্দেশনা এবং অপারেশনাল প্লান ২০২২-২০২৩ অনুযায়ী সম্পাদন করতে হবে। উল্লেখ্য, মিশন অডিট অধিদপ্তর এবং বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) এর আওতায় যথাক্রমে বৈদেশিক মিশন ব্যাংক ও বাংলাদেশ বিমানের অফিসসমূহ এবং বৈদেশিক অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহের অডিটের ক্ষেত্রে এই অডিট ক্যালেন্ডার প্রযোজ্য হবে না।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে।

স্বাক্ষরিত/-

(মোঃ আহসান হাবীব)

এ্যাডিশনাল ডেপুটি সিএজি (সংসদ)

ফোন : ০২-২২২২২১১৯৮

নং-৮২.০০.০০০০.০৬২.১৮.০২৭.২০-৩৩২

তারিখ: ২৬.০৪.২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), মিরপুর-১৪, ঢাকা।
২. মহাপরিচালক, বাণিজ্যিক অডিট/ পরিবহন অডিট/ শিক্ষা অডিট/ স্বাস্থ্য অডিট/ পূর্ত অডিট/ ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি(PTST) অডিট/ প্রতিরক্ষা অডিট/ সামাজিক নিরাপত্তা/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট/ আইটি ও জনসেবা অডিট/ রাজস্ব অডিট/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/ কৃষি ও পরিবেশ অডিট/ সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/ বিদ্যুৎ ও জ্বালানী অডিট/ সিভিল অডিট / মিশন অডিট অধিদপ্তর, ঢাকা।
৩. এ্যাডিশনাল ডেপুটি সিএজি (প্রশাসন/ পার্সোনেল/ একিউএসি/ পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
৪. পরিচালক (আরএন্ডডি/এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা।
৫. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
৬. সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (হিসাব / রিপোর্ট-১/ রিপোর্ট-২/ পার্লামেন্ট), সিএজি কার্যালয়, ঢাকা।
৭. পিএস টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়, অডিট ভবন, ঢাকা।
৮. পিএ টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর/পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
৯. অফিস কপি।

(মঞ্জুর আহম্মদ) ২৬.০৪.২০২২

অডিট এন্ড একাউন্টস অফিসার (প্রশাসন)  
একাউন্টস এন্ড রিপোর্ট উইং



